

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
জেলা ম্যাজিস্ট্রেসি পরিবীক্ষণ অধিশাখা  
[www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)

নম্বর- ০৪.০০.০০০০.৫১৩.৩৫.০৩৭.২০১৫-১৯০

২৪ আষাঢ় ১৪২২  
তারিখ: -----  
০৮ জুলাই ২০১৫


পরিপত্র

বিষয়: বিভিন্ন খাতের আদায়কৃত অর্থ সরকারি কোষাগারে জমাদান সংক্রান্ত।

জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা ভূমি অফিস, ইউনিয়ন ভূমি অফিস এবং ইউনিয়ন পরিষদ কর্তৃক সায়রাতমহাল ইজারার অর্থ/লাইসেন্স ফি/ব্রাম্যমাণ আদালতের অর্থদণ্ড/ভূমি উন্নয়ন কর ইত্যাদি আদায় করা হয়ে থাকে। লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন ক্ষেত্রে আদায়কৃত অর্থ যথাযথ পদ্ধতি অনুসরণে যথাসময়ে সংশ্লিষ্ট খাতে জমা দেওয়া হয় না। এর ফলে বিভিন্ন ধরনের আর্থিক অনিয়মের আশঙ্কা থেকে যায়।

০২। উপর্যুক্ত প্রেক্ষাপটে মাঠ পর্যায়ের সাধারণ ও রাজস্ব প্রশাসন কর্তৃক সায়রাতমহাল ইজারার অর্থ/লাইসেন্স ফি/ভূমি উন্নয়ন কর/ব্রাম্যমাণ আদালতের অর্থদণ্ড ইত্যাদি আদায়ের পর অতি দ্রুত যথাযথভাবে সরকারি কোষাগারে জমা প্রদানের ক্ষেত্রে নিম্নোল্লিখিত বিষয়গুলি অনুসরণের জন্য অনুরোধ করা হল:

- ক) আদায়কৃত অর্থ/ফি অবশ্যই নির্ধারিত রশিদের মাধ্যমে আদায় করতে হবে এবং রশিদের মূলকপি সংশ্লিষ্ট গ্রাহককে প্রদান করতে হবে;
- খ) Duplicate Carbon Receipt (DCR) যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;
- গ) আদায়ের দিন অথবা পরবর্তী কার্যদিবসে আদায়কৃত অর্থ নির্ধারিত চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা দিতে হবে;
- ঘ) সরকারি কোষাগারে জমাকৃত অর্থের Cash Transaction Report (CTR) প্রতিমাসে সংগ্রহ করতে হবে এবং জমাকৃত অর্থের হিসাবের সঙ্গে CTR যাচাই করে নিতে হবে;
- ঙ) মোবাইল কোর্ট কর্তৃক আরোপিত দণ্ডের আদায়কৃত অর্থের সঙ্গে সংশ্লিষ্ট মামলার নথি, জরিমানা আদায় রেজিস্টার, চালানের কপি ইত্যাদি কাগজপত্র মোবাইল কোর্ট পরিচালনাকারী এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়মিতভাবে পরিবীক্ষণ করবেন; এবং
- চ) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মাসে অন্তত একবার এবং উর্ধ্বতন কর্তৃপক্ষ ত্রৈমাসিক ভিত্তিতে সরকারি কোষাগারে অর্থ জমা প্রদানের বিষয়টি তদারক করবেন।

  
(মোঃ মাকছুদুর রহমান পাটওয়ারী)  
অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন)  
ফোন নম্বর: ০২-৯৫৭৩৮৩৩  
ফ্যাক্স নম্বর: ০২-৯৫৭৩৫৩৩  
ই-মেইল: [addl\\_dfa@cabinet.gov.bd](mailto:addl_dfa@cabinet.gov.bd)

- ১। বিভাগীয় কমিশনার (সকল)।
- ২। জেলা প্রশাসক (সকল)।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।